# উপজেলা পরিষদ কার্যালয়
# বোরহানউদ্দিন, ভোলা।

## বোরহানউদ্দিন উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
স্থান : সম্প্রসারিত উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সম্মেলন কক্ষ (৪র্থ তলা), বোরহানউদ্দিন, ভোলা।
তারিখ : ১০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. রোজ: বৃহস্পতিবার, সময়: সকাল ১১:৩০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৫২ সালের মহান ভাষা আন্দোলনের অমর শহিদদের আত্মার প্রতি এবং বীর মুক্তিযোদ্ধাদের আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | **উপজেলা কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি প্রণোদনা যথাযথভাবে বিতরণ সম্পন্ন হয়েছে এবং মাঠ পর্যায়ে বাস্তবায়নে তদারকি অব্যাহত রয়েছে। উপজেলার সকল পর্যায়ে কৃষি উপকরণ (সার, বীজ ও কীটনাশক) সহজলভ্য পর্যায়ে আছে। এলজিইডি এবং সড়ক ও জনপদ কর্তৃক সরকারি উন্নয়নমূলক কর্মকান্ডের ফলে তথা বিভিন্ন ব্রিজ ও কালভার্ট তৈরির লক্ষ্যে খালে বাধ দেওয়ার কারণে বোরো আবাদসহ রবিশস্য চাষাবাদে কিছুটা বিঘ্নিত হচ্ছে। দাপ্তরিক অন্যান্য কার্মকান্ড স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ক. মাঠ পর্যায়ে তদারকি জোরদার করতে হবে;<br>খ. দাপ্তরিক কাজের অগ্রগতি অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ২. | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বোরহানউদ্দিন উপজেলার ৯টি ইউনিয়ন ও পৌরসভায় গত ০৩-০৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ করোনা টিকার বিশেষ ক্যাম্পেইন হয়। উপস্থিতি সন্তোষজনক ছিলেন। গত ০৭ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত কোভিড-১৯ এর ১ম ডোজ গ্রহণ করেছেন মোট ১৪২৩৩৩ জন যার মধ্যে ৬৭৪৭৩ জন পুরুষ ও ৭৪৮৬০ জন মহিলা। ২য় ডোজ টিকা গ্রহণ করেছেন মোট ৮৮১৭৪ জন যার মধ্যে পুরুষ ৪২২১৬ জন ও মহিলা ৪৫৯৫৮ জন। ৩য় ডোজ/ বুস্টার ডোজ গ্রহণ করেছেন মোট ১৯৯০ জন যার মধ্যে ১০৫৯ জন পুরুষ ও ৯৩১ জন মহিলা। ভ্যাক্সিন কার্যক্রম অব্যাহত রয়েছে। গত জানুয়ারি ২০২২ মাসে ০৬ জনের করোনা ভাইরাস সনাক্ত হয়েছে। তাদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. টিকা প্রদানে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে;<br>খ. করোনা বিষয়ে নিয়মিত স্বাস্থ্য সচেতনতামূলক প্রচার অব্যাহত রাখতে হবে;<br>গ. সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসার শিক্ষকগণ এবং আনসার ও ভিডিপি সদস্যদের টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে;<br>ঘ. যাদের করোনা সনাক্ত হয়েছে তাদের হোক কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২. উপজেলা শিক্ষা অফিসার<br>৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৪. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৩. | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে বরাদ্দকৃত ২৩৪টি গভীর নলকূপের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ১৮টি | ক. নলকূপ স্থাপনের ক্ষেত্রে প্রাক্কলন যথাযথাভাবে অনুসরণ করতে হবে;<br>খ. দাপ্তরিক কাজের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ১. উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>২. চেয়ারম্যান, ইউপি (সকল) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | কমিউনিটি বেইজড পানি সরবরাহ ইউনিট এর স্থান নির্বাচন চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | | |
| ৪. | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ইউনিয়ন ভিডিজি কার্যক্রম স্বাভাবিক আছে। মাতৃত্ব ও ল্যাকটেটিং মাদার সহায়তা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। করোনাকালীন সময়ে বিশেষ করে ছাত্র/ছাত্রী অভিভাবকগণ বাল্য বিবাহ দেয়ার চেষ্টা করে তাই এ সময় যেন কোনো অভিভাবক কম বয়সী কন্যা সন্তানদের জন্ম নিবন্ধন করিয়ে বাল্য বিবাহ না দিতে পারে সে ব্যাপারে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান। | ক.ভিজিডি চাল বিতরণ কালে সংশ্লিষ্ট ইউনিয়নে ট্যাগ অফিসারগণ অধিকতর সতর্কতার সাথে বিতরণকার্য সম্পন্ন করবেন;<br>খ. অনলাইন জন্ম নিবন্ধনসনদ প্রদানের সময় উপযুক্ত প্রমাণ ব্যতীত জন্ম নিবন্ধন না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;<br>গ. বাল্য বিবাহের কোনো সংবাদ পাওয়া গেলে তাৎক্ষণিক উপজেলা প্রশাসন/ বোরহানউদ্দিন থানা-কে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. অফিসার ইনচার্জ<br>৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>৪. ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৫ | **উপজেলা মৎস্য দপ্তর**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, গত ৩০ ডিসেম্বর হতে অবৈধ জাল (কারেন্ট, বেহুন্দি, খুঁটি জাল ইত্যাদি) উচ্ছেদের বিষয়ে অভিযান চলমান রয়েছে। বোরহানউদ্দিন উপজেলায় 'মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ এর বিভিন্ন ধারায় ০৬টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। এছাড়া মেঘনা ও তেতুলিয়া নদীতে বিগত মাসসহ অদ্য পর্যন্ত ২৯টি অভিযান পরিচালনা করা হয়েছে। মোবাইল কোর্টে ১৫ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড এবং ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা অর্থদন্ড প্রদান করা হয়েছে। ইলিশ সম্পদ এবং অন্যান্য ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় নিবন্ধিত জেলেদের মধ্যে যারা একেবারে বেশি অসহায় তাদের জন্য বিকল্প কর্মসংস্থান হিসেবে ১০ জন দরিদ্র জেলেদের প্রত্যেককে ১টি করে বকনা বাছুর প্রদান করা হয়েছে। | অবৈধজাল উচ্ছেদ করে মৎস্য সম্পদ রক্ষা করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>৩. অফিসার ইনচার্জ |
| ৬ | **উপজেলা পল্লী উন্নয়ন**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>২. ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, এ পর্যন্ত ২০৭৬৭ জন শিক্ষার্থীদের করোনা টিকা ১ম ডোজ প্রদান করা হয়েছে। ৪০০০ শিক্ষার্থীদের করোনার ২য় ডোজ টিকা প্রদান করা হয়েছে।<br>২০২২ সালে বোরহানউদ্দিন উপজেলায় ২৫০০০ শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে। এছাড়া শিক্ষার্থীদের ইউনিক আইডি কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>তিনি আরও জানান, শিক্ষা প্রতিষ্ঠানের যাবতিয় তথ্য হালনাগাদ (IMS), NTRCA এর নিয়োগকৃত শিক্ষকদের MPO প্রদান এবং Online Class, Multimedia Class, Assignment ও উপবৃত্তির ফরম পূরণের কাজ চলমান রয়েছে। | ক. অনলাইন পাঠদান কার্যক্রম সুচারুরূপে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>খ. যে সকল শিক্ষক এখন পর্যন্ত কোভিড-১৯ টিকা গ্রহণ করেননি তাদের সত্বর টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে;<br>গ. NTRCA এর মাধ্যমে নিয়োগকৃত শিক্ষকদের MPO প্রদান স্বচ্ছতা এবং দ্রুত সময়ের মধ্য সম্পাদন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২. একাডেমিক সুপারভাইজার<br>৩. সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৮. | **প্রাথমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে নির্ধারিত তারিখের মধ্যে নতুন বই বিতরণ শেষ হয়েছে। প্রাথমিক স্তরের সকল শিক্ষককে করোনা ভ্যাকসিন গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিকাংশ শিক্ষক ইতোমধ্যে টিকা গ্রহণ করেছেন। সরকারের নির্দেশনা অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তবে প্রত্যন্ত অঞ্চলে নূরানী, ইবতেদায়ী, কওমী কিছু প্রতিষ্ঠান খোলা রয়েছে বলে সংবাদ পাওয়া গিয়েছে। সে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | ক. যে সকল শিক্ষক এখন পর্যন্ত কোভিড-১৯ টিকা গ্রহণ করেননি তাদের সত্বর টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে;<br>খ. অনলাইন পাঠদান শীঘ্রই শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২. প্রধান শিক্ষক (সকল) |
| ৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে এবং প্রজেকশন অনুযায়ী মাঠ কর্মীদের কাজের অগ্রগতি সন্তোষজনক। এছাড়া, ৬ জনকে অস্থায়ী দীর্ঘমেয়াদী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি (ইমপ্ল্যান্ট), ১২ জনকে অস্থায়ী দীর্ঘমেয়াদী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি (IUD) এবং ৫৪ জনকে স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি সেবা প্রদান করা হয়েছে। | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং সরকারি নির্দেশনা সঠিকভাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | **উপজেলা সমাজসেবা দপ্তর:**<br>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সামাজিক বেষ্টনীর সকল ভাতা কর্মসূচির বয়স্কভাতা, বিধবা/স্বামী পরিত্যাক্তাভাতা, প্রতিবন্ধিভাতা জি টু পি এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে সকল ভাতাভোগীর মোবাইলে নগদ এর মাধ্যমে টাকা পৌঁছে গেছে। পূর্বে ০৬ (ছয়) মাস অন্তর অন্তর ভাতা প্রদান করা হতো। বর্তমানে প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর জি টু পি এ ভাতা প্রদান করা হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | ১. ভাতাভোগী ‘নগদ’ অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে যেন কোনোরূপ হয়রানির স্বীকার না হয় সে বিষয় সতর্ক থাকবে;<br>২. কোনো ভাতা ভোগীর ‘নগদ’ অ্যাকাউন্ট নম্বর ভুল হলে সাথে সাথে নম্বর সঠিক করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা অফিসার<br>২. চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন ক্যাটাগরিতে যুবক-যুবতিদের প্রশিক্ষণ এবং ঋণ বিতরণ কার্যক্রম চলছে। অত্র দপ্তরের ঋণ বিতরণ ও আদায়ের হার ১০০% এবং অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে। | ক. আত্মকর্মসংস্থা সৃষ্টির লক্ষ্যে যুব-যুবতীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষিত করতে হবে;<br>খ. ঋণ আদায়ে সর্বোচ্চ আন্তরিক হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা সমবায় বিভাগ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, দপ্তরের অন্যান্য কাজ স্বভাবিকভাবে চলছে। সমবায় সমিতি নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। সমাবয় সমতির ঋণ আদায়ের হার সন্তোষজনক। | দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৩ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায়, বোরহানউদ্দিন উপজেলা প্রকৌশলীর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচির স্কিম সমূহের টেন্ডার (১৩ গ্রুপ) চলমান রয়েছে। অবিলম্বে স্কিমসমূহ বাস্তবায়ন শুরু হবে মর্মে উপজেলা প্রকৌশলী সকল ইউনিয়ন চেয়ারম্যানকে কাজ সুষ্ঠু বাস্তবায়নে সহযোগিতার জন্য অনুরোধ করেন। | ক. ২০২১-২০২২ অর্থবছরে নিজস্ব তহবিল এর আওতায় বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত ‘“জনস্বার্থে ১৩নং মানিকা সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয় সামনের রাস্তা নির্মাণ” প্রকল্পটির পরিবর্তে **‘কুতুবা ৩নং ওয়ার্ড হায়দার আলী মিয়া বাড়ির রাস্তা নির্মাণ’** প্রকল্পটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | তিনি আরও জানান, গত ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ বোরহানউদ্দিন উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর প্রকল্প বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী "জনস্বার্থে ১৩নং মানিকা সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের রাস্তা নির্মাণ" প্রকল্পটি নিজস্ব উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য সুপারিশ করা হয়। পরবর্তীতে উক্ত প্রকল্পটি গত ২০ ডিসেম্বর ২০২১ তারিখ উপজেলা পরিষদ মাসিক সভায় চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। অনুমোদিত জনস্বার্থে ১৩নং মানিকা সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয় সামনের রাস্তা নির্মাণ প্রকল্পটির পরিবর্তে **'কুতুবা ৩নং ওয়ার্ড হায়দার আলী মিয়া বাড়ির রাস্তা নির্মাণ'** প্রকল্পটি সভায় অনুমোদন প্রয়োজন।<br><br>তিনি আরও জানান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক দরপত্র আহবান করার কারণে ৫০৯২১২০০৭ আইডিভূক্ত খায়েরহাট জয়ারহাট বোরহানউদ্দিন রানীগঞ্জ বাংলাবাজার রাস্তার ১২৪১০ মিটার চেইনেজে অবস্থিত ১৩.৫ মিটার আইরন ব্রিজ উপজেলা পরিষদে হস্তান্তর ও নিলাম করা প্রয়োজন। | (খ) উপজেলা প্রকৌশলীর সুপারিশের আলোকে ৫০৯২১২০০৭ আইডিভূক্ত খায়েরহাট জয়ারহাট বোরহানউদ্দিন রানীগঞ্জ বাংলাবাজার রাস্তার ১২৪১০ মিটার চেইনেজে অবস্থিত ১৩.৫ মিটার আইরন ব্রিজটি উপজেলা পরিষদে গৃহীত হলো এবং বিধি মোতাবেক নিলামকরণের জন্য উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটিকে দায়িত্ব প্রদান করা হলো। | |
| ১৪ | **পল্লী সঞ্চয় ব্যাংক**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, সমিতির সদস্যদের মাঝে বিপুল পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছিল। এ পর্যন্ত বিতরণকৃত ঋণের মধ্যে প্রায় ০৫ (পাচঁ) কোটি টাকা খেলাপী ঋণ রয়েছে। সদস্যদেরকে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ পরিশোধ করছেন না। প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ক. খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান করতে হবে;<br>খ. আগামীতে ঋণ প্রদানের সময় চেয়ারম্যান কর্তৃক ছবি ও জাতীয় পরিচয়পত্র সত্যায়িত করতে হবে;<br>গ. ঋণ অনাদায়ে প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক<br>২. চেয়ারম্যান (ইউপি সকল) |
| ১৫ | **প্রাণিসম্পদ অধিদপ্তর**<br>ভেটেরিনারি সার্জন ৬ মাসের বুনিয়াদি প্রশিক্ষণে থাকায় তার দপ্তরের প্রতিনিধি সভায় জানান, গত মাসসহ অদ্য পর্যন্ত কৃত্রিম প্রজনন ২২৮টি, গবাদি প্রাণির টিকা প্রদান ২৯০০, হাসমুরগীর টিকা প্রদান ৪৩০০০, চিকিৎসা প্রদান গবাদী প্রাণি ১৬২৯টি, চিকিৎসা প্রদান হাসমুরগী ১০২৪৮টি, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১টি, ক্ষুদ্র খামারী গাভী পালন প্রশিক্ষণ ২৭০ জন, উঠান বৈঠক ০৪টি এবং দুগ্ধ খামারী পরিদর্শন ০৮টি। এছাড়া দাপ্তরি সমস্ত কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক. প্রাণিসম্পদ বিভাগের স্বাভাবিক কাজের ধারা অব্যাহত রাখতে হবে;<br>খ. যে সকল স্থানে হাঁস-মুরগীর খামার স্থাপনের কারণে জনভোগান্তি সৃষ্টি হচ্ছে তা নিরসণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১৬ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থবছরে কাবিটা নির্বাচনী ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৩৭,৭৯,৪৬২/- টাকার অনুকূলে ৬টি প্রকল্প; কাবিখা (চাল) নির্বাচনী ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৭৯.৯৭২ মেট্রিক টন এর অনুকূলে ৫টি প্রকল্প; কাবিখা (গম) নির্বাচনী ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৭৯.৯৭২ মেট্রিক | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের কাজের ধারাবাহিকতা এবং উন্নয়ন কাজের গুণগতমান অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩. চেয়ারম্যান, ইউপি (সকল) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | টন এর অনুকূলে ৪টি প্রকল্প; টিআর নির্বাচনী ১ম পর্যায়ে বরাদ্দকৃত ২৪,৭৮,৮৩৩/- টাকার অনুকূলে ১০টি প্রকল্প; কাবিটা সাধারণ ১ম পর্যায়ের বরাদ্দকৃত ৩৬,৭৭,৮১৩/- টাকার অনুকূলে ১০টি প্রকল্প; কাবিখা সাধারণ (চাল) ১ম পর্যায়ের বরাদ্দকৃত ৭৭.৮২১৪ মেট্রিক টন এর অনুকূলে ১১টি প্রকল্প; কাবিখা সাধারণ (গম) ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৭৭.৮২১৪ মেট্রিক টন এর অনুকূলে ১১টি প্রকল্প এবং সাধারণ টিআর ১ম পর্যায়ে বরাদ্দকৃত ১৯,৫৮,০২১/- টাকার অনুকূলে ১৪টি প্রকল্পসহ সর্বমোট ৭১টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। দাপ্তিরক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৭ | **উপজেলা বন বিভাগ**<br>বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে 'জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ' স্লোগানকে সামনে রেখে বোরহানউদ্দিন উপজেলার বিভিন্ন সংযোগ সড়কে ৩০ কিলোমিটার স্ট্রিপ বাগানের রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলমান। জানুয়ারি ২০২২ মাসে উপকূলীয় বন বিভাগ, ভোলা এর আওতাধীন বোরহানউদ্দিন উপজেলায় কাচিয়া ইউনিয়নের মক্কার পুল হতে মুসলমানের পুকুর পাড় পর্যন্ত ৫ কিলোমিটার স্ট্রিপ বাগানের (সামাজিক বনায়ন) মেয়াদ উত্তীর্ণ হওয়ায় খাড়া গাছ মার্কিং তালিকা প্রস্তুত কার্যক্রম চলমান। এই ৫ কিলোমিটার খাড়া গাছ মার্কিং তালিকা প্রস্তুত শেষে সাইজ লিস্ট করে সরকারি বিধি মোতাবেক টেন্ডারের কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | ক. মেয়াদ উত্তীর্ণ স্ট্রিপ বাগানের খাড়া গাছ সঠিকভাবে মার্কিং করতে হবে;<br>খ. সৃজিত বাগান নিয়মিত পরিচর্যা করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | **আইসিটি অধিদপ্তর**<br>সহকারী প্রোগ্রামার সভায় জানান, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন ২য় পর্যায়ে ৮টি ল্যাব বোরহানউদ্দিন উপজেলায় স্থাপন করা হবে। ল্যাবের রেনোভেশন কার্যক্রম শেষ। ৫০ জন উদ্যোক্তাদের সরকারি ই-সেবা সহজিকরণের বিষয়ে JiCA এর অর্থায়নে বোরহানউদ্দিন উপজেলায় এ মাসে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br><br>সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর সভায় আরও জানান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহারের জন্য একমাত্র ফটোকপিয়ারটি প্রায়ই নষ্ট থাকায় মেরামত বাবদ অনেক অর্থ ব্যয় হয়। নতুন একটি ফটোকপিয়ার ক্রয়ের বিষয়ে আলোচনা হয়। এছাড়া প্রিন্টার ও ইউপিএস-সহ নতুন একসেট কম্পিউটার উপজেলা পরিষদের TO&E-তে অন্তর্ভুক্ত অফিস সরঞ্জাম ক্রয় খাতের অর্থ দ্বারা কোটেশনের মাধ্যমে ক্রয় করার প্রস্তাব উপস্থাপন করেন। উল্লেখ্য যে, গত ৩০ নভেম্বর, ২০২১ খ্রি. উপজেলা পরিষদ মাসিক সভায় সংশ্লিষ্ট ক্রয় সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>সহকার | (ক) শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের ক্ষেত্রে যে কক্ষটি নির্বাচন করা হয়েছে তার নিরাপত্তা নিশ্চিত করতে হবে;<br><br>(খ) উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহারের নতুন একটি ফটোকপিয়ার এবং প্রিন্টার ও ইউপিএস-সহ নতুন একসেট কম্পিউটার উপজেলা পরিষদের TO&E-তে অন্তর্ভুক্ত অফিস সরঞ্জাম ক্রয় খাতের অর্থ দ্বারা কোটেশনের (আরএফকিউ) মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৯ | **খাদ্য অধিদপ্তর:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বোরহানউদ্দিন পৌরসভার ৪টি বিক্রয়কেন্দ্রে জনপ্রতি ৫ (পাঁচ) কেজি হারে চাল আটা বিশেষ ওএমএস চলমান রয়েছে। এছাড়া আমন ধান সংগ্রহ ২০২২ চলমান রয়েছে। যা ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত চলমান থাকবে। দাপ্তরি সমস্ত কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | (ক) খাদ্য অধিদপ্তর বিভাগের কাজের ধারা অব্যাহত রাখতে হবে;<br>(খ) আমন ধান সংগ্রহের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা খাদ্য গুদাম |
| ২০ | **বিবিধ**<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের জানুয়ারি ২০২২ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে জানুয়ারি-২০২২ মাসের সম্মানিভাতা বাবদ মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে জানুয়ারি ২০২২ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>৪. মহিলা ভাইস চেয়ারম্যান<br>৫. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) |
| | (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, গত ১৬ আগস্ট ২০২১ খ্রি. তারিখ স্থানীয় সরকার বিভাগ এর উপজেলা-২ শাখা হতে ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪. ২১-৪৫৪নং স্মারকে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে বোরহানউদ্দিন উপজেলার অনুকূলে ৫.২৬ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। যার মধ্যে ৩,৪৮,০০০/- (তিন লক্ষ আটচল্লিশ হাজার) টাকায় কোটেশনের মাধ্যমে থার্মাল স্ক্যানার, অ্যান্টিসেপটিক সাবান, হ্যান্ড স্যানিটাইজার এবং মাস্ক ক্রয় করা হয়েছে।<br>ডিসেম্বর ২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক অবশিষ্ট বরাদ্দ দ্বারা ০৫টি অক্সিজেন সিলিন্ডার, ৩০টি পালস অক্সিমিটার, ২০০ মিলিলিটার ৬০টি হ্যান্ড স্যানিটাইজার এবং ৩ স্তরের ১৫০ বক্স ফেস মাস্ক ক্রয়ের জন্য কোটেশন আহবান করা হয়। এতে সর্বনিম্ন দরদাতা কাজ পায় এবং প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে ১,৫৩,৫০০/- (এক লক্ষ তেপ্পান্ন হাজার পাঁচশত) টাকার বিল দাখিল করেন। ঠিকাদারের অনুকূলে সমুদয় টাকার বিল প্রদান করার জন্য সভায় বিল ভাউচার সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | (খ) ০৫টি অক্সিজেন সিলিন্ডার, ৩০টি পালস অক্সিমিটার, ২০০ মিলিলিটার ৬০টি হ্যান্ড স্যানিটাইজার এবং ৩ স্তরের ১৫০ বক্স ফেস মাস্ক কোটেশনের মাধ্যমে ক্রয় বাবদ ১,৫৩,৫০০/- (এক লক্ষ তেপ্পান্ন হাজার পাঁচশত) টাকার বিল ঠিকাদারের অনুকূলে ১,৫৩,৫০০/- (এক লক্ষ তেপ্পান্ন হাজার পাঁচশত) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) উপজেলা পরিষদ কার্যালয়ের চেয়ারম্যানের জন্য বরাদ্দকৃত ডিসি পুল ভোলা-ঘ- ১১-০০২৩ নম্বরের সরকারি জিপ গাড়ির সার্ভিসিং বাবদ সর্বমোট | (গ) উপজেলা পরিষদ কার্যালয়ের চেয়ারম্যানের জন্য বরাদ্দকৃত ডিসি পুল ভোলা-ঘ- ১১-০০২৩ নম্বরের সরকারি জিপ গাড়ির সার্ভিসিং বাবদ | |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | ২০,০০০/- (বিশ হাজার) টাকার বিল ভাউচার উপজেলা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে প্রদানের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>(ঘ) গত ০৩ ফেব্রুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় ১৮ বছরের উর্ধ্বে সকল নাগরিককে করোনা ভ্যাকসিন ১ম ডোজ প্রদানের বিশেষ ক্যাম্পেইনের ৪ দিনে ৪টি মাইকিং বাবদ (একদিনের অটোভাড়া ও শ্রমিক মজুরিসহ) (২১০০×৪দিন×৪) =৩৩,৬০০/- (তেত্রিশ হাজার ছয়শত) টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতের প্রাকৃতিক দুর্যোগ (কোভিড-১৯) খাত হতে প্রদানের লক্ষ্যে সভায় বিল ভাউচার অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | সর্বমোট ২০,০০০/- (বিশ হাজার) টাকার বিল ভাউচার উপজেলা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) ১৮ বছরের উর্ধ্বে সকল নাগরিককে করোনা ভ্যাকসিন ১ম ডোজ প্রদানের বিশেষ ক্যাম্পেইনের ৪ দিনে অটোসহ মাইক ভাড়া বাবদ (একদিনের অটোভাড়া ও শ্রমিক মজুরিসহ) (২১০০×৪দিন×৪) =৩৩,৬০০/- (তেত্রিশ হাজার ছয়শত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতের প্রাকৃতিক দুর্যোগ (কোভিড-১৯) খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.৯৯.০০৩.২২/১৮৯

তারিখ: ২৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা ....................................................... কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান ....................................................... ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব ....................................................... সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

10/02/2022

মোঃ সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।
মোবাইল: ০১৩০৫-৫২৫১৫৬
ইমেইল: unoborhanuddin@gmail.com